ইয়ং টাইগার্স স্কুল ক্রিকেট

# ১১ জনই বহিরাগত নিষিদ্ধ ঢাকার স্কুল

■ ক্রীড়া প্রতিবেদক

নিজের স্কুলের ছাত্রের বদলে বহিরাগতদের দিয়ে বেশ শক্তিশালী দল গড়েছিল ঢাকার শামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ। ইয়ং টাইগার্স স্কুল ক্রিকেটে দাপটের সঙ্গে ঢাকা মেট্রো অঞ্চলের শিরোপাও জিতে নিয়েছিল তারা। আঞ্চলিক শিরোপা জয়ের পর জাতীয় পর্যায়েও সেমিফাইনালে উঠে গিয়েছিল ঢাকার এ স্কুলটি। তবে ১২ মে কোয়ার্টার ফাইনালে ধরা পড়ে যায় বিষয়টি। পরের দিনই বিষয়টি নিয়ে বৈঠকে বসে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) গেম ডেভেলপমেন্ট বিভাগের টেকনিক্যাল কমিটি। বহিরাগত খেলানোর অপরাধে তাদের বেশ কঠিন শাস্তিই দিয়েছে বিসিবি। শামসুল হক খান স্কুলকে চলতি টুর্নামেন্ট থেকে বাদ দেওয়ার পাশাপাশি আগামী পাঁচ বছর জাতীয় স্কুল ক্রিকেট থেকে তাদের নিষিদ্ধ করা হয়েছে। একই সঙ্গে শামসুল হক খান স্কুল দলের কোচ সাদ্দাম হোসেন অনিকে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের আওতাধীন সব ধরনের ক্রিকেট কার্যক্রম থেকে ১০ বছরের জন্য নিষিদ্ধ করা হয়েছে। ১৩ মে বিসিবির গেম ডেভেলপমেন্ট কমিটি জরুরি বৈঠকে কোচ সাদ্দাম হোসেন অপরাধ স্বীকার করে নেন। এ ছাড়াও তাদর বিপক্ষে আকট্য প্রমাণ রয়েছে বিসিবি কাছে। কাশিনাথ আলাউদ্দিন হাইস্কুলের বিপক্ষে কোয়ার্টার ফাইনালে শামসুল হক খান স্কুল দলের ১৫ জনের ১১ জনই ছিল বহিরাগত। বয়সের নিয়মও ভেঙেছে তারা। তাদের বদলে সিলেট বিভাগের কাশিনাথ আলাউদ্দিন হাই স্কুলকে সেমিফাইনালের টিকিট দিয়েছে বিসিবি। আর ভাগ্যগুণে সেমিতে খেলা কাশিনাথ হাই স্কুল ফাইনালেও উঠে গেছে। রাজশাহীর শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামে গতকাল তারা ৭৭ রানে হারিয়ে দেয় নারায়ণগঞ্জের ইসদাইর রাবেয়া হাই স্কুলকে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর